

## বিশ্বব্যাপী জনপ্রিয়তা হারাচ্ছে ডেস্কটপ কম্পিউটার

প্রযুক্তির এই যুগে এসে আমরা কম্পিউটার ছাড়া একটি দিনও চিন্তা করতে পারি না। তবে সময়ের সাথে সাথে বদলে গেছে কম্পিউটারের ধরন। একটা সময় পর্যন্ত ডেস্কটপ কম্পিউটারই ছিল মানুষের একমাত্র চিন্তার বিষয়। তবে এখন ডেস্কটপের বদলে বরং ল্যাপটপ, নোটবুক এবং এই ধরনের বহনযোগ্য ডিভাইসের জনপ্রিয়তা অনেক বেশি। আর এর সাথে সম্প্রতি যুক্ত হয়েছে স্মার্টফোন এবং ট্যাবলেট পিসি। আর তার ফলে ডেস্কটপ পিসি ক্রমেই বাজার হারাতে শুরু করেছে। এমনটিই জানিয়েছে প্রযুক্তি বিশ্লেষক বিভিন্ন সংস্থা। সম্প্রতি চিপ নির্মাণে ইন্টেলের পরেই অবস্থান করা এএমডিও এই প্রসঙ্গে উদ্বিগ্ন প্রকাশ করেছে। তারা জানিয়েছে, বিশেষ করে চীনে ডেস্কটপের বাজার অনেকটা পড়তির দিকে। এ ছাড়া



আইডিসি'র এক প্রতিবেদন অনুযায়ী, এশিয়া প্যাসিফিক অঞ্চলে গত এপ্রিল থেকে জুন মাসে ডেস্কটপ পিসি বিক্রির পরিমাণ কমেছে আশংকাজনক হারে। বিশ্বব্যাপী অর্থনৈতিক টানা পোড়েন, ডলারের অবস্থান এবং মোবাইলের প্রসারের কারণেই এই অবস্থার তৈরি হয়েছে বলে জানিয়েছে এএমডি। আর এর প্রভাব সরাসরি তাদের উপরেও পড়েছে। এএমডি জানিয়েছে, চলতি বছরের দ্বিতীয় চতুর্ভাগে তাদের নেট আয় কমে গেছে গত বছরের একই সময়ের তুলনায় প্রায় ৩৯ শতাংশ। এই প্রসঙ্গে এএমডি'র চিফ

এক্সিকিউটিভ রোরি রেড বলেছেন, 'এটি খুব স্পষ্ট যে, বিশ্বব্যাপী অর্থনৈতিক কর্মকাণ্ড ধীর গতিতে এগিয়ে যাচ্ছে। আর এতে করে ক্ষতিগ্রস্ত হচ্ছে পিসির বাজার। ২০০১ সালের পর থেকে এই প্রথম একটানা তিন চতুর্ভাগে পিসির বিক্রির পরিমাণ কমে গেছে। আর গত দুই বছরের মধ্যে এই পরিমাণ সবচেয়ে কম। ফলে স্পষ্টতই বিশ্বব্যাপী পিসি বিক্রির পরিমাণে নেতিবাচক প্রভাবটি খুব পরিষ্কার হয়ে উঠেছে।' এর মধ্যে এশিয়া অঞ্চলে পিসি বিক্রির পরিমাণ কমে যাওয়া কেই মূল কারণ হিসেবে অভিহিত করেছেন তিনি। নতুন ধরনের ব্যবসায়িক কৌশল অবলম্বন করে এই পরিস্থিতি থেকে উত্তরণের বিষয়ে তাগিদ দিয়েছেন তিনি।